কোটচাঁদপুরে মোটরসাইকেল ছিনতাই

ঝিনাইদহের কোটচাঁদপুর-সাফদারপুর সড়কে দেশীয় অস্ত্র হাতে মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।
রবিবার (২৬জুলাই) ভোর ৫টার দিকে কোটচাঁদপুর-সাসফদারপুর সড়কে অবস্থিত পুলিশ বক্সের অদূরে ডেঞ্জার জোন বলে খ্যাত বেলেমাঠ এলাকায় এঘটনা ঘটে। এ সময় ছিনতাইকারীরা দেশীয় অস্ত্রের মুখে দুই মোটরসাইকেল আরোহীকে গাছের সাথে হাত পা ও মুখ বেঁধে একটি মোটরসাইকেল, ২টি মোবাইলফোন ও নগদ অর্থ নিয়ে পালিয়ে যায়। এ ঘটনায় ভুক্তভোগীরা কোটচাঁদপুর থানায় একটি লিখিত অভিযোগ করেছেন।
ভুক্তভোগী জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মৃত রবিউল হকের ছেলে রুহুল আমিন জানান, রবিবার ভোর ৫টার দিকে সে ও তার বন্ধু সজ্জেদ আলী নিজ বাড়ি থেকে মোটরসাইকেলযোগে ব্যবসায়ীক প্রয়োজনে কালিগঞ্জের নলডাঙ্গা বাজারের উদ্দেশ্যে রওনা দেই। পথমধ্যে কোটচাঁদপুর-সাসফদারপুর সড়কের বেলেমাঠ এলাকায পৌঁছালে হাফপ্যান্ট পরিহিত সশস্ত্র ৪/৫ জন দুষ্কৃতকারীরা মোটরসাইকেলের গতিরোধ করে।
পরে তাদেরকে পার্শ¦বর্তী একটি মেহগনী বাগানে নিয়ে হাত পা ও মুখ বেঁধে একটি ১শ ’সিসির (চুয়াডাঙ্গা-হ-১৩-৫৩০১) নাম্বারের মোটরসাইকেল ২টি মোবাইল ফোন ও নগদ ৯’শ টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। পরে মাঠে যাতায়াতকারী এক কৃষক তাদেরকে উদ্ধার করে। এ ঘটনায় রুহুল আমিন বাদী হয়ে রবিবার সকালে কোটচাঁদপুর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।
এব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটি অফিসার এসআই আব্দুল মান্নান জানান, মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনায় লিখিত অভিযোগ হয়েছে। ঘটনাটি ভোরের দিকে হওয়ায় বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থ নেওয়া হবে। সেই সাথে দুষ্কৃতকারীদের ধরতে পুলিশি অভিযান অব্যহত রয়েছে। এদিকে রাতে এই সড়কে কোটচাঁদপুর থানাধীন সাফদারপুর পুলিশ ক্যাম্প নিয়মিত টহল দিলেও প্রায়ই ডাকাতি-ছিনতাইয়ের ঘটনা ঘটছে।

ঝিনাইদহে পৌর আওয়ামী লীগের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে পৌর আওয়ামী লীগের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

এসময় পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, সরকারি কেসি কলেজ ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় প্রতিষ্ঠান প্রাঙ্গণে ২০ টি গাছের চারা রোপন করা হয়। পর্যায়ক্রমে পৌর এলাকাসহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কয়েক হাজার গাছের চারা রোপন করা হবে বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে বিট পুলিশিং কার্যক্রম শুরু

“মুজিববর্ষের অঙ্গিকার পুলিশ হবে জনতার” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহে বিট পুলিশ কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে শহরের ব্যপারী পাড়ায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছে তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এসময় পুলিশ বিভাগের কর্মকর্তা, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান জানান, জেলার ৬টি উপজেলায় মোট ৮৫টি বিট পুলিশিং কার্যালয় খোলা হবে। পুলিশী সেবা মানুষের দোড় গড়াই পৌঁছে দেবার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। প্রতিটি বিট পুলিশিং অফিসে একজন এস আই, একজন এএসআই ও তিনজন করে কনস্টেবল খাকবে।

তারা মানুষের কাছ থেকে অভিযোগ গ্রহন করবে। তারপর আইনী ব্যবস্থা নেওয়া হবে। মানুষ দ্রুত পুলিশী সেবা পাবে বলে তিনি আরো জানান।

শৈলকুপায় প্রতিবেশী নাতনীকে ধর্ষণের দায়ে অভিযুক্ত দাদার আত্মহত্যা

ঝিনাইদহের শৈলকুপায় টাকার লোভ দেখিয়ে ৬ বছরের নাতনীকে ধর্ষণের ঘটনায় অভিযুক্ত দাদা কালাম শাহ (৬৫) সামাজিক লজ্জার ভয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার ভোররাতে উপজেলার মনোহরপুর ইউনিয়নের বিঞ্চুদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। অভিযুক্ত কালাম শাহ ওই গ্রামের মৃত আইনউদ্দীণ শাহ‘র ছেলে।

স্থানীয়রা জানান, ভোর সাড়ে ৫টার দিকে ওই গ্রামের শিক্ষার্থী রাশেদ কোচিংয়ে যাচ্ছিল। ঘটনাস্থলে পৌছাতেই দেখে রাস্তার পাশে থাকা আম গাছের ডালে ধর্ষক ঝুলে আছে। পরে চিৎকার দিয়ে পাশে একটি বাড়িতে গিয়ে ঘটনাটি খুলে বলে এবং অজ্ঞান হয়ে পড়ে। ধর্ষক কালাম শাহ সামাজিক লাজলজ্জার ভয়ে শেষ রাতের কোন এক অংশে হয়তো গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছে বলে জানায় স্থানীয়রা। শৈলকুপা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পুলিশ ধর্ষকের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছে।

কোটচাঁদপুরের নতুন ইউএনও আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।

ঝিনাইদহ সদর থানায় পুলিশের বৃক্ষ রোপন কর্মসূচীর উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে মুজিব বর্ষ উপলক্ষে ঝিনাইদহে বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছে জেলা পুলিশ। মঙ্গলবার সকালে সদর থানার চত্বরে গাছের চারা রোপন করে কর্মসূচীর উদ্বোধন করেন পুলিশ সুপার মো: হাসানুজ্জামান।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, ওসি (তদন্ত) এমদাদুল হক, ওসি (অপারেশন) আবুল খায়েরসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় থানা চত্বরে ৫০ টি ফলজ ও বনজ গাছের চারা রোপন করা হয়। আগামী ১ মাসে জেলার ৬ থানা এলাকায় ৫ হাজার গাছের চারা রোপন করা হবে বলে জানিয়েছে পুলিশ।

কোটচাঁদপুর ইউএনও কে পৌরসভার পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা কে পৌরসভার পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে। সোমবার সকালে পৌর ভবনে পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলামের সভাপতিত্বে এই বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার নাজনীন সুলতানার দীর্ঘ প্রায় তিন বছরের কর্ম-জীবণের স্মৃতি চারণ করে বক্তব্য রাখেন পৌর প্যানেল মেয়র আনারুল ইসলাম সেন্টু।

এসময় উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর কামাল হোসেন, পৌর কাউন্সিলর রকিব উদ্দীন ও পৌর কাউন্সিলর জাফর ইকবাল শান্তি প্রমূখ।

এর আগে বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানাকে পৌর ভবণে মেয়রের নের্তৃত্বে পৌর কর্মকর্তা-কর্মচারী বৃন্দ ফুলের তোড়া দিয়ে বরণ করেণ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, পৌর কর্মচারী সংগঠনের নেতা মোঃ সেকেন্দার আলী।

কোটচাঁদপুরে ফোম ফ্যাক্টরীতে ভয়াবহ অগ্নিকান্ড, দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি!

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডে ফ্যাক্টরির মূল ভবন ও গোডাউন ভষ্মিভূত হয়েছে। উদ্ধার অভিযানে ফায়ার সার্ভিসের ২জন ফায়ারম্যান আহত হয়েছেন। এঘটনায় আশপাশের দোকান ও এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। রবিবার সকাল ৮টার দিকে স্থানীয় বলুহর বাসষ্টান্ডের আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

ফ্যাক্টরির ম্যানেজার সুকুমার সরকার জানান,আগুনে গুদামে থাকা ৬৫ ব্যারেল কেমিক্যাল, ৪০ ড্রাম রং, ক্যালসিয়াম পাউডার, ৭টি মেশিন, তৈরী করা ফোম,একটি (ঢাকা মেট্রো-ন- ১৮৯৫৯২) পিকাপ, ১১০ সিসির একটি মাহিন্দ্রা মোটরসাইকেল, একটি ইজিবাইক পুড়ে যায়। অগ্নিকান্ডের ঘটনায় দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান সুকুমার সরকার।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ষ্টেশন মাষ্টার মোহাম্মদ আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌছায়। কোটচাঁদপুর সহ ঝিনাইদহ ও কালিগঞ্জ ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ২ ঘন্টার চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। ফায়ার সার্ভিস ও ফ্যাক্টরি কর্তৃপক্ষ প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করছে।

ঝিনাইদহ জেলা ফায়ার সার্ভিসের উপঃ সহকারি পরিচালক তারেক হাসান ভূইয়া জানান, অগ্নিকান্ডের ঘটনায় কেউ নিহত বা গুরুতর আহত হয়নি। তিনি বলেন, তদন্ত কমিটি গঠন করে সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন,অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা চেয়ারম্যাান শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম এবং স্থানীয় রাজনৈতিক নেতা।

ঝিনাইদহে র্যাব’র সহযোগিতায় মাথা গোঁজার ঠাই পেল বৃদ্ধা

ঝিনাইদহে ঘুর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্থ এক বৃদ্ধার ঘর নির্মাণ করে দিয়েছে র্যাব-৬ এর সদস্যরা। বৃহস্পতিবার সকালে সদর উপজেলার ধানহাড়িয়া গ্রামের বৃদ্ধা কমেলা খাতুনের কাছে ঘর হস্তান্তর করা হয়।

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের কোম্পানী কমান্ডার মাসুদ আলম জানান, সড়ক দুর্ঘটনায় আহত পঙ্গু স্বামী আব্দুল মান্নানকে নিয়ে খুপড়ি একটি ঘরে বসবাস করতো কমেলা খাতুন। সম্প্রতি ঘুর্ণিঝড়ে তার ঘর ভেঙ্গে যায়। এতদিন প্রতিবেশীর ঘরের বারান্দায় বসবাস করছিল। র্যাব অফিসে পরিচারিকার কাজ করা কমেলা খাতুন বিষয়টি জানালে র্যাব সদস্য’র বেতনের টাকা দিয়ে ঘরটি নির্মাণ করে দেওয়া হয়।

মাসুদ আলম বলেন, বিষয়টি শোনার পর আমি ব্যক্তিগত ভাবে ও র্যাব সদস্যদের সহযোগিতায় টিনের ঘরটি নির্মাণ করে দিয়েছি। ঘর নির্মাণে র্যাব সদস্যরাও সহযোগিতা করেছেন। অসহায় এই বৃদ্ধার পাশে দাড়াতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি।

ঘর পেয়ে অসহায় কমেলা বেগম বলেন, র্যাব শুধু আসামী ধরে শুনতাম। কিন্তু র্যাব যে ঘর বানিয়ে দেয় তা দেখলাম। এতদিন আমি অন্যের ঘরের বারান্দায় থাকতাম। আজ থেকে আমার মাথা গোঁজার ঠাই হলো। আমি সারাজীবন এদের জন্য দোয়া করি। এরা যেন ভালো থাকে।

শৈলকুপায় ঘুড়ি ওড়াতে গিয়ে

প্রাণ গেল কিশোরের

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের ধর্মপাড়া গ্রামে ঘুড়ি ওড়াতে গিয়ে প্রাণ গেল সুমন হোসেন (১৪) নামের এক কিশোরের। সুমন ধর্মপাড়া গ্রামের মুকুল হোসেনের ছেলে। বৃহস্পতিবার ভোররাতে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

ধর্মপাড়া গ্রামের রিপন হোসেন নামের এক যুবক জানান, বুধবার বিকেলে নিজের কোয়াড়ে ঘুড়ি নিয়ে গ্রামের মাঠে ওড়াতে যায় সে। সন্ধ্যা ঘনিয়ে এলে ঘুড়ি নিয়ে বাড়ি ফেরার জন্য সুতা গুছিয়ে ঘুড়ি ধরতে গেলে ঘুড়ির শিং এ চোঁখ ও মাথায় আঘাত পায়। সেখান থেকে গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় ভোররাতে তার মৃত্যু হয়।
শৈলকুপার কচুয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ শামসুজ্জোহা বিষয়টি নিশ্চিত করেছেন।